GOVERNMENT OF WEST BENGAL
OFFICE OF THE ADDITIONAL DISTRICT MAGISTRATE AND
DISTRICT LAND & LAND REFORMS OFFICER, HOOGHLY
JIBAN PAUL'S GARDEN, HOOGHLY - 712103
PH. – (033) 26802097/98, FAX – 91-33-26800578
Email : dllrohugli@gmail.com

Memo No. IX-4/ 1/ 4438/2 /S Dated : 06.08.18

To
The S.D.L.& L.R.O., Sadar/Arambagh,
Hooghly.

Sub: Fresh Tender Notice for 'Jalkars'

Sending herewith a copy of the notice (Annexed-X) inviting fresh tender for settlement of 'Jalkars' and a list of the corresponding vested Water Bodies i.e. 'Jalkars' (above 5 acres) to be settled for wide publicity and making necessary arrangements for receiving sealed tenders strictly on and from **07 .08.2018 to 20.08.2018 (working days only) within 11.00 a.m. to 3.00 p.m. on each working day & in venue as stated in the notice.**

Enclo: As stated.

Additional District Magistrate &
District Land & Land Reforms Officer,
Hooghly

Memo No. IX-4/ 1/ 4438/2(12)/S Dated : 06.08.18

Copy forwarded to :

1) The Divisional commissioner, Burdwan Division for favour of kind information.
2) The Sabhadhipati, Hooghly Zilla Parishad, for favour of kind information.
3) The District Magistrate & Collector, Hooghly for favour of kind information.
4) The A.D.M. (ZP), Hooghly for favour of information & necessary action.
5) The PD,DRDC, Hooghly for wide publicity among all Self-Help-Groups linked with fishing Activity.
6) The SDO, Sadar/Arambagh, Hooghly for information and display on notice Board.
7) The Assistant Director of Fisheries, Hooghly for wide publicity among fishermen Co- Operative/fish Product Group & Ors.
8) The Dy. Registrar of Co-operative Society, Hooghly for wide publicity among fishermen Co- Operative.
9) The DIO NIC, Hooghly for information with a request to upload the notice on the website.
10) The DICO for information & wide publicity.
11) The BDO, Balagarh/Goghat-II for information & wide publicity.
12) The BL&LRO, Balagarh /Goghat-II for information and wide publicity.

Additional District Magistrate &
District Land & Land Reforms Officer,
Hooghly

G:\Water body meeting.docx

পশ্চিমবঙ্গ সরকার

জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ

হুগলী

জীবনপালের বাগান, পোঃ জিলা- হুগলী

দূরভাষঃ ০৩৩-২৬৮০২০৯৭/৯৮

স্মারক নং: 4440　　　　　　　　　　　　　　　　　　তারিখঃ 06.08.18

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র জেলার সমস্ত মৎস্যজীবি সমবায় সমিতি / মৎস্য উৎপাদনকারী গোষ্ঠী / স্বয়ম্ভর গোষ্ঠী / ব্যক্তিবর্গ / উদ্যোগপতিকে জানানো যাচ্ছে যে, ১৯৯১ সালের পশ্চিমবঙ্গ-এর ভূমি ও ভূমি সংস্কার নির্দেশিকার ১৭ নং পরিচ্ছেদের ২৭২ নং বিধি এবং জেলাশাসক, হুগলীর সরকারী জলাশয়ের বন্দোবস্ত সম্পর্কিত কমিটির সম্মতিক্রমে অত্র জেলার ২টি জলকরের বন্দোবস্তের জন্য নতুন দরপত্র আহ্বান করা হচ্ছে। বিজ্ঞপ্তির সহিত সংযুক্ত জলকরগুলি ৫ (পাঁচ) বছরের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে মেয়াদী বন্দোবস্ত দেওয়া হবে। বন্দোবস্ত গ্রহণে ইচ্ছুক মৎস্যজীবি সমবায় সমিতি/মৎস্য উৎপাদনকারী গ্রুপ/স্বয়ম্ভর গোষ্ঠী (মৎস্য চাষের সাথে যুক্ত)/ ব্যক্তিবর্গ/উদ্যোগপতির নিকট থেকে ১০ টাকা কোর্ট ফি সংযুক্ত দরখাস্তে গালা করা মুখবন্ধ খামে প্রত্যেক জলকরের জন্য পৃথক পৃথক সীলকরা দরপত্র আহ্বান করা হচ্ছে। দরপত্র এবং অন্যান্য কাগজপত্রগুলি নিম্নলিখিত করণে সীলকরা বাক্সে জমা দিতে হবে। । কার্য্যকারী মৎস্যজীবি সমবায় সমিতিগুলিকে আইন অনুযায়ী অগ্রাধিকার দেওয়া হবে।

শর্তাবলী ঃ

০১। দরপত্র দাখিলকারী সমবায় সমিতির/ মৎস্য উৎপাদনকারী গোষ্ঠী / স্বয়ম্ভর গোষ্ঠীর রেজিস্ট্রেশন সংক্রান্ত কাগজপত্র সমবায় সমিতির/ মৎস্য উৎপাদনকারী গোষ্ঠী/ স্বয়ম্ভর গোষ্ঠীর সম্পাদকের স্বাক্ষর ও সিলমোহর সহ একটি পৃথক খামে জমা দিতে হবে সঙ্গে জলাশয়ের পাশে উল্লিখিত ন্যূনতম ধার্য্যমূল্যের এক দশমাংশ পরিমান অর্থ আর্নেস্ট মানি হিসাবে Bank Draft মারফৎ ADM & DL&LRO, Hooghly এর নামে জমা দিয়া sealed bid এ অংশগ্রহন করিতে হইবে।

০২। দ্বিতীয় খামের উপর সমবায় সমিতির/ মৎস্য উৎপাদনকারী গোষ্ঠী/ স্বয়ম্ভর গোষ্ঠীর সীলমোহর লাগাতে হবে ও কোন জলকরের জন্য দরপত্র দেওয়া হচ্ছে তার উল্লেখ করতে হবে।

০৩। খাম দুটি একটি বড় খামের মধ্যে ভিতরে রেখে ওই খামটি মুখবন্ধ অবস্থায় সমবায় সমিতির/ মৎস্য উৎপাদনকারী গোষ্ঠী/ স্বয়ম্ভর গোষ্ঠীর সীলমোহর সহ সংশ্লিষ্ট দপ্তরের রক্ষিত বাক্সে জমা দিতে হবে

০৪। দরপত্রে দরের পরিমাণ অঙ্কে ও কথায় উল্লেখ করতে হবে।

০৫। দুই বা ততোধিক সমিতি/গোষ্ঠী যুক্ত নামে নীলামে অংশ গ্রহণ করতে পারবেন না।

০৬। দরপত্র আগামী ইং ০৭/০৮/২০১৮ তাং থেকে ২০/০৮/২০১৮ বেলা ১১ টা থেকে বেলা ৩ টা পর্যন্ত প্রতি কাজের দিন গ্রহন করা হবে। ন্যূনতম ৩টি দরপত্র জমা না পরলে টিন্ডারটি বাতিল বলে গন্য হইবে।

(পর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

০৭। **দরপত্র গ্রহণের স্থান ঃ জেলা ভূমি ও ভূমি সংস্কার দপ্তর, হুগলী, জীবনপালের বাগান।**

০৮। **ইং ২১/০৮/২০১৮ তাং বেলা ১২ (বারো) টার সময় জেলা ভূমি ও ভূমি সংস্কার দপ্তর, হুগলী, জীবনপালের বাগানে উপস্থিত দরপত্র প্রদানকারীদের সম্মুখে খোলা হবে ও দরপত্রগুলি বিবেচনা হবে।**

০৯। যে সকল দরপত্র গ্রহণযোগ্য বলে গন্য হবে সেটি গ্রহন করা সর্বদায় যথাযথ উর্দ্ধতন কতৃপক্ষের মঞ্জুরী ও অনুমোদন সাপেক্ষ।

১০। ***দরপত্র অনুযায়ী নিরুপিত সর্বোচ্চ দর বা প্রস্তাবিত ন্যূনতম দর-এর কমপক্ষে ২৫ শতাংশ ধার্য্যের দিনই ডাককর্তার নিকট এককালীন নগদে জমা দিতে হইবে। বাকি অর্থ পরবর্তী ২(দুই)টি কাজের দিনের মধ্যে ই-চালান এ জমা দিতে হবে। না জমা দিতে পারলে সেই দরপত্রটি বাতিল হবে এবং আর্নেস্ট মানি সহ আগেকার জমা দেওয়া অর্থ বাজেয়াপ্ত করা হবে।***

১১। এরূপভাবে বাতিলীকৃত দরপত্র প্রদানকারী পুনরায় দরপত্র প্রদান করিতে পারিবেন না। এছাড়া প্রথম দরপত্র বাতিল করে দ্বিতীয় দরপত্র আহ্বান করার ক্ষেত্রে দর যদি প্রথম দরপত্রের দর অপেক্ষা কম হয়, সেক্ষেত্রে যে পরিমাণ টাকা কম হবে, তা বাতিলীকৃত দরপত্র প্রদানকারী আদায় দিতে বাধ্য থাকবেন। আপোষে আদায় না দিলে প:ব: পি.ডি.আর এ্যাকট মূলে আদায়যোগ্য হবে।

১২। কালো তালিকাভূক্ত সমিতি/গোষ্ঠীর অথবা যে সমস্ত সমিতির/গোষ্ঠীর দরপত্র গ্রহন উর্দ্ধতন কর্তৃপক্ষের দ্বারা সাময়িক ভাবে নিষিদ্ধ হয়েছে, অথবা যে সমস্ত সমিতির/গোষ্ঠীর পূর্বেই দেয় রাজস্ব দরপত্র গ্রহনের তারিখ পর্যন্ত পরিশোধ হয় নি, তারা দরপত্র দাখিল করতে পারবেন না বা দাখিল করলেও তা গ্রাহ্য হবে না।

১৩। বন্দোবস্ত নেওয়ার ১৫(পনেরো) দিনের মধ্যে প্রয়োজনীয় চুক্তিপত্র সম্পাদন ও ইজারাদার দের নিজ খরচে ঐ চুক্তি পত্র রেজিস্টারী করতে হবে। চুক্তিপত্র সম্পাদন না করলেও সরকারের অনুমোদিত চুক্তি পত্রের প্রতিটি ধারা ইজারাদার দের ওপর বর্তাবে ও প্রযোজ্য হবে এবং প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এ বন্দোবস্ত বাতিল করতে পরবেন।

১৪। কোন কারন দর্শিয়েই নিম্ন স্বাক্ষরকারী ও উর্দ্ধতন কর্তৃপক্ষের দরপত্রে গ্রহণ, বর্জন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিবর্জন করার অধিকার থাকবে।

১৫। সর্বোচ্চ দর আশানুরূপ না হলে নিম্নস্বাক্ষরকারী পুনরায় দরপত্র আহ্বান করতে পারবেন।

১৬। সংরক্ষিত মূল্য সংলগ্নপত্রে উল্লেখিত প্রতিটি জলকরের পাশে উল্লেখ করা হল।

১৭। বন্দোবস্ত গ্রহণকারীরা চুক্তিপত্রের শর্তাবলী ও ইজারাকালের মধ্যে নূতন কোন শর্ত আরোপিত হলে তাও মেনে চলতে বাধ্য থাকবেন।

১৮। **নিরূপিত সর্বোচ্চ দর যা সকল ইজারাদারকে প্রথম বছরের জন্য দিতে হবে তা পরবর্তী বছরগুলিতে পূর্বের বছরের তুলনায় ৫%(পাঁচ) শতাংশ হারে বর্ধিত হবে।**

১৯। সমস্ত মৎস্যজীবী সমবায় সমিতির কর্তৃপক্ষগণকে মীণধার বিষয়ক জলকর বন্দোবস্ত সম্পর্কিত সমস্ত আইন ও প্রচলিত বিধি-নিষেধ মানিয়া চলিতে হইবে।

জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক
হুগলী

ANNEXED—X

Name of the water bodies	Name of the Block	Base price
1) Khal, Mouza-Naldubri, J.L. no. 123, Plot no. 18, Area-5.79 acre	Goghat-II	Rs. 35203/-
2) Pukur, Mouza- Sripur, J.L. no. 101, Plot no. (RS-752)LR-637, Area-6.92 acre.	Balagarh	Rs. 42104/-

ADDITIONAL DISTRICT MAGISTRATE AND
DISTRICT LAND & LAND REFORMS OFFICER,
HOOGHLY